দৈনিক খবর

তারিখ 27 AUG 1993 পৃষ্ঠা ৬ কলাম ৪

৭৭

# খুলনায় শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকের ১১শ' পদ শূন্য

● শেখ আনসার আলী ●

খুলনা বিভাগের দশটি জেলায় শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকের প্রায় এগারশ' পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহতহচ্ছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, খুলনা বিভাগের ১০টি জেলা ও ৫৯টি থানা শিক্ষা অফিস রয়েছে। চলতি বছরের শুরু থেকে সকল সরকারী প্রাইমারী স্কুলকে সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় আনা হয়েছে। কিন্তু বছরের প্রায় শুরু থেকেই উল্লেখিত কর্মকর্তা ও শিক্ষকের পদ শূন্য থাকায় এ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

সূত্রে বলা হয়েছে, বিভাগের ১০টি জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার মধ্যে বর্তমানে খাতা-কলমে দু'টি জেলায় দু'জন কর্মকর্তা থাকলেও প্রকৃতপক্ষে একজন দায়িত্ব পালন করছেন ঝিনাইদহ জেলায়। অপরজন খুলনা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তিন মাসের ছুটিতে রয়েছেন। তার স্থলে অতিরিক্ত দায়িত্ব পালন করছে খুলনা সদর থানা শিক্ষা অফিসার আঃ মালেক। তিনি একই সাথে পাইকগাছা থানা শিক্ষা অফিসারের দায়িত্বে রয়েছে। এভাবেই বিভাগের অন্য ৯টি জেলায় একই ব্যক্তিকে একাধিক স্থানে অতিরিক্ত দায়িত্ব পালন করতে হচ্ছে। এছাড়া সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের পদ শূন্য রয়েছে ১০টির মধ্যে ৬টি, থানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য রয়েছে ৫৯টির মধ্যে ১০টি এবং সহকারী থানা শিক্ষা কর্মকর্তার শূন্য পদ রয়েছে ২৩৯টির মধ্যে ১১টি। একই সাথে বিভাগের সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকের পদ শূন্য রয়েছে ১০৭৭ জন। এর মধ্যে প্রধান শিক্ষকের পদ ৩৯৫টি এবং সহকারী শিক্ষকের পদ ৬৭২টি। জানা গেছে, শিক্ষকের শূন্য পদে লোক নিয়োগ পরীক্ষা সম্পন্ন হলেও এখনো মৌখিক পরীক্ষা হয়নি। ফলে নিয়োগকার্য সম্পন্ন হতে এ বছর লেগে যাবে। শিক্ষক নিয়োগ সংক্রান্ত জটিলতা এখনো কাটেনি।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের শুরুতেই শিক্ষা অধিদফতরের এই বাস্তবতায় সচেতন বিজ্ঞজনের অভিমত সবার জন্য শিক্ষা নিশ্চিত হবে কি।